

প্রথম আলো

তারিখ: ০৯ OCT 2013

সং: ১৪ অক্ট ১৩

শিক্ষকদের মানোন্নয়নে কাজ করবে মাইক্রোসফট

দেশের শিক্ষাব্যবস্থায় শিক্ষার্থীদের আরও ডিজিটাল সুবিধা প্রদানের মাধ্যমে প্রযুক্তির আওতায় এনে, শিক্ষকদের মানোন্নয়ন এবং স্কুলগুলোর ব্যবস্থাপনার উন্নয়নে কাজ করবে মাইক্রোসফট বাংলাদেশ।

এই কার্যক্রম পরিচালিত হবে 'পার্টনারশ ইন লার্নিং প্রোগ্রাম' শীর্ষক কার্যক্রমের আওতায়। ২০০৫ সালে প্রথম এ কার্যক্রমের আওতায় শিক্ষা মন্ত্রণালয় ও মাইক্রোসফট বাংলাদেশের মধ্যে চুক্তি হয়। এরই ধারাবাহিকতায় সম্প্রতি একটি সমঝোতা স্মারক সই হয়। এতে শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এম এম গোলদাস ফারুক এবং মাইক্রোসফট বাংলাদেশের কাপ্তানি ম্যানেজার পূর্বদুর্ বাসনায়েকে নিম্ন নিম্ন প্রতিষ্ঠানের পক্ষে সই করেন। এ সময় শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ, শিক্ষা সচিব কামাল আবদুল নাসের চৌধুরী, মাইক্রোসফট সাউথ ইস্ট এশিয়ার মহাব্যবস্থাপক জেমি হারপার, মাইক্রোসফট বাংলাদেশের শিক্ষা প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক সারানা ইসলামসহ অনেকে উপস্থিত ছিলেন। এ কার্যক্রমের আওতায় এ পর্যন্ত ১৩ হাজার শিক্ষককে প্রশিক্ষণ দেওয়ার মাধ্যমে শারা দেশের ২০ লাখ শিক্ষার্থীকে সুবিধা প্রদান করেছে। —বিজ্ঞপ্তি